গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**
**পরিকল্পনা মন্ত্রণালয়**
**অডিট ও সমন্বয় অধিশাখা**
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০১০.০৬.০৪৮.১৮-২৩০

তারিখঃ ২৮ ভাদ্র ১৪২৬ / ১২ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আগস্ট/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ১১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আগস্ট/২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদ্সংগে প্রেরণ করা হলো। সভার কার্যবিবরণীতে বর্নিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ চিঠি পত্রের পেন্ডিং লিষ্ট আগামী ০৬/১০/২০১৯খ্রি. তারিখের মধ্যে এ বিভাগের অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

১২/৯/১৯
শেখ মুর্শিদুল ইসলাম
উপসচিব
ফোন: ৫৫০০৭৩৮০

বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/তথ্য ব্যবস্থাপনা),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৩। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪। যুগ্ম সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৫। পরিচালক (সকল),বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৬। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৭। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
০৯। সিস্টেম এনালিস্ট/সিনিয়র সহকারী সচিব/উপ-পরিচালক (এসডিজি)/সহকারী সচিব (সকল) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
১০। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। জনাব মহিউদ্দিন আহমেদ, উপপরিচালক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
১২। পরিসংখ্যান কর্মকর্তা (আইন শাখা), এফএ এন্ড এমআইএস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি:

০১। মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Co-Ordination-2.46

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আগস্ট/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ১১ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি) |
| সভাপতি | : | জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট "ক" সংযুক্ত |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ সাইফুল ইসলাম আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

গত জুলাই/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১. | **বিবিএস এর ২য় পর্যায়ের অর্গানোগ্রাম প্রণয়ন:**<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ২য় পর্যায়ের অর্গানোগ্রামের পূর্ণাঙ্গ প্রস্তাব পাওয়া গেলে এ বিভাগ হতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. তারিখের মধ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ -এর সাথে মিল রেখে প্রস্তাবিত অর্গানোগ্রাম পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করবেন। | উপসচিব (প্রশাসন-৩) SID, এবং পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID, এবং মহাপরিচালক, বিবিএস |
| ২. | **মানব সম্পদ উন্নয়ন/ প্রশিক্ষণ:**<br>জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা ও জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রশিক্ষণ নিম্নের বর্ণনা মোতাবেক চলমান:<br>গ্রেড ৯ম থেকে ৪র্থ : ২৫-২৬ আগস্ট ২০১৯<br>গ্রেড ১৬ থেকে ১০ম : ২৭-২৮ আগস্ট ২০১৯<br>গ্রেড ১৭ থেকে ২০ : ২৯ আগস্ট ও ০১ সেপ্টেম্বর ২০১৯<br>গ্রেড ১৭ থেকে ২০ : ০২-০৩ সেপ্টেম্বর ২০১৯ | প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রশিক্ষণ চলাকালীন সচিব মহোদয়কে অবহিত করতে হবে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তাদের সচিবালয় নির্দেশমালা-২০১৪ এবং চাকুরি বিধিমালাসহ অন্যান্য আইন-কানুন সম্পর্কে SSTI প্রয়োজনীয় প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করবে। | যুগ্মসচিব (প্রশাসন), SID ও পরিচালক, SSTI বিবিএস | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, বিবিএস |

<table>
<tr>
<td>৩.</td>
<td>পরিসংখ্যান ভবন এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত:<br>পরিসংখ্যান ভবনের নিরাপত্তা বজায় রাখার জন্য আনসার সদস্যদেরকে পত্র প্রদান করা হয়েছে। বহিরাগত/আগন্তুকদের পরিসংখ্যান ভবনে প্রবেশের সময় জিজ্ঞাসাবাদ গ্রহণপূর্বক রেজিষ্টারে লিপিবদ্ধকরণ সাপেক্ষে পরিসংখ্যান ভবনে প্রবেশের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।</td>
<td>পরিসংখ্যান ভবনের অগ্নিনির্বাপন ব্যবস্থা, বৈদ্যুতিক নিরাপত্তা ও সোলার সিস্টেম বিষয়ে আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক, বিবিএস প্রতিবেদন দাখিল করবেন। তিনি প্রয়োজনে ৫-৭ সদস্য বিশিষ্ট এতদ্‌সংক্রান্ত কমিটি গঠন করবেন। সন্ধার পরে পরিসংখ্যান ভবনের বেইসমেন্টে একজন আনসার সদস্য মোতায়েনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>যুগ্মসচিব (প্রশাসন), SID এবং পরিচালক (FA & MIS) BBS</td>
<td>অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, বিবিএস</td>
</tr>
<tr>
<td>৪.</td>
<td>ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত:<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ই-ফাইলিং কার্যক্রম সন্তোষজনক। আগস্ট-২০১৯ মাস শেষে মন্ত্রণালয়/বিভাগের মধ্যে-<br>
<table>
<tr><th>ক্রম</th><th>আগস্ট/১৯</th><th>জুলাই/১৯</th></tr>
<tr><td>১</td><td>SID- ২২ তম</td><td>২১ তম।</td></tr>
<tr><td>২</td><td>BBS- ৭ম</td><td>৭ম।</td></tr>
</table></td>
<td>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-কে এ বিষয়ে আরো ভাল করতে হবে।</td>
<td>SID এবং BBS -এর সকল কর্মকর্তা</td>
<td>অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), SID এবং মহাপরিচালক, BBS</td>
</tr>
<tr>
<td>৫.</td>
<td>অডিট আপত্তি সংক্রান্ত:<br>অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে ০২টি এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ৫৩টি অডিট আপত্তি নিষ্পত্তির প্রক্রিয়াধীন রয়েছে।<br>
<table>
<tr><th>সংস্থার নাম</th><th>অডিট আপত্তির সংখ্যা</th><th>জড়িত টাকার পরিমান (লক্ষ টাকায়)</th></tr>
<tr><td>SID</td><td>০২ টি</td><td>১৪০.০৫</td></tr>
<tr><td>BBS</td><td>৫৩টি</td><td>৭৬০.৮২</td></tr>
</table></td>
<td>অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে বিভিন্ন প্রকল্পের প্রকল্প পরিচালক/উপ-পরিচালক এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে তৎপর হতে হবে।</td>
<td>(১) উপসচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান অধিশাখা), SID<br><br>(১) উপসচিব (অডিট ও সমন্বয়), SID<br><br>(২)পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস</td>
<td>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br><br>২।মহাপরিচালক, বিবিএস</td>
</tr>
<tr>
<td>৬.</td>
<td>অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম:<br>বিবেচ্য মাসে অভিযোগ পাওয়া যায় নি। অভিযোগ পাওয়া মাত্র যথাসময়ে নিষ্পন্ন করা হয়ে থাকে।</td>
<td>অভিযোগ পাওয়া মাত্র যথাসময়ে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়), SID</td>
<td>অতিরিক্ত সচিব (প্রশাসন), SID</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | **মামলা সংক্রান্ত:**<br>চলমান মামলাসমূহের কাজ দ্রুত নিষ্পত্তির জন্য প্রচেষ্টা অব্যাহত আছে।<br><br>সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নম্বর ২৩০২/২০১৩ এর ১২/০৭/২০১৬ তারিখের আদেশ প্রসংগে বিবিএস হতে ০৩/০৯/২০১৯ তারিখের ৬৪৯ নং স্মারক হতে জানা যায় যে, ২৫/০৮/২০১৯ খ্রি: তারিখে সকাল ১০.০০ ঘটিকায় পুন:শুনানীতে অংশগ্রহনের জন্য এ/ডি সহকারে রেজিস্ট্র ডাকে পত্র দেওয়া হয়। কিন্তু জনাব মজিবুর রহমান ধার্য্য তারিখে উপস্থিত হননি এবং কোন প্রকার যোগাযোগ করেননি। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে মহাপরিচালক, বিবিএস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>মহাপরিচালক, বিবিএস সিভিল পিটিশন নং ২৩০২/২০১৩ এর ১২/০৭/২০১৬ তারিখের আদেশ মতে পিটিশনার জনাব মোঃ মজিবর রহমান-এর পুন:শুনানী গ্রহণের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন। | ১। সিনিয়র সহকারী সচিব (আইন শাখা), SID<br>২। জনাব মহিউদ্দিন আহমেদ, উপপরিচালক BBS<br>৩। আইন কর্মকর্তা, BBS | ১। মহাপরিচালক BBS<br>২। যুগ্মসচিব (প্রশাসন), SID |
| ৮. | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) সংক্রান্ত:**<br>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ এর চূড়ান্ত (জুলাই ২০১৮-জুন ২০১৯) মূল্যায়ন প্রতিবেদন গত ১৯/০৮/২০১৯ খ্রি. তারিখ সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA)-শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। সকল সভা এবং প্রতিবেদন যথাসময়ে সম্পন্ন করতে হবে। | উপসচিব (এসডিজি) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID এবং মহাপরিচালক BBS |
| ৯. | **Sustainable Development Goals (SDG)- বাস্তবায়ন সংক্রান্তঃ**<br>(ক) টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) এবং আর্ন্তজাতিক রিপোর্টিং-এর জন্য সরবরাহকৃত সূচকসমূহের মানসম্মত, হালনাগাদ ও গ্রহণযোগ্য তথ্য-উপাত্ত প্রস্তুত ও সরবরাহকারী সংস্থাসমূহের সাথে সমন্বয় ও দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC)-এর ৫ম সভা গত ২৬/০৮/২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়েছে।<br>(খ) গত ০৪ আগস্ট ২০১৯ খ্রি. তারিখে (৩৯+১) টি এসডিজি অগ্রাধিকার সূচকের হালনাগাদ তথ্য-উপাত্ত পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। | SDG-এর সকল Indicator বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে তৎপর হতে হবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে গত ১৯/০৬/২০১৯ খ্রি. তারিখে মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের সাথে অনুষ্ঠেয় সভার সিদ্ধান্ত মোতাবেক SDG-এর চিহ্নিত Indicatorগুলি সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাথে সমন্বয় ও দায়িত্ব বন্টনের লক্ষ্যে শীঘ্রই একটি কর্মশালা আয়োজন করতে হবে। | উপসচিব (SDG সেল) SID | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>২। মহাপরিচালক, BBS |
| | শুদ্ধাচার কৌশল:<br>শুদ্ধাচার চর্চা অব্যাহত রয়েছে। শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ চলমান রয়েছে। | শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখতে হবে। সকল সভা এবং প্রতিবেদন যথাসময়ে সম্পন্ন করতে হবে। | যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়), SID | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>২। মহাপরিচালক, BBS |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | **নাগরিক সেবার উদ্ভাবন/সেবা-পদ্ধতি সহজিকরণ/ ই-সেবা প্রবর্তন:**<br>অর্থ বরাদ্দের বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ২০১৯-২০ অর্থ-বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। অর্থবরাদ্দের বিষয়ে অর্থ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) SID | ১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), SID,<br>২। মহাপরিচালক, BBS |
| ১২. | **যানবাহন সংক্রান্ত:**<br>ইতোমধ্যে ২০টি গাড়ির কাগজপত্র হালনাগাদকরণ সম্পন্ন হয়েছে। তালিকাভুক্ত বাকি ১১টি গাড়ির মধ্যে ৬টি গাড়ির কাগজপত্র চলতি মাসে হালনাগাদকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বাকি ৫টি গাড়ির কাগজপত্র পরবর্তী মাসে হালনাগাদকরণ সম্পন্ন করা হবে। প্রকল্পের জন্য ক্রয়কৃত যানবাহন প্রকল্প সমাপ্তির পর সরকারি নীতিমালা অনুযায়ী পরিবহন পুলে জমা প্রদান করার বিধান থাকলেও অধিকাংশ ক্ষেত্রে তা অনুসরণ করা হচ্ছে না মর্মে জনপ্রশাসন মন্ত্রণালয়, দুর্নীতি দমন কমিশন এবং মন্ত্রিপরিষদ বিভাগ হতে পত্র পাওয়া গিয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সকল গাড়ীর কাগজপত্র দ্রুত হালনাগাদ করতে হবে। সকল গাড়ী সচল রাখতে হবে। প্রকল্পের জন্য ক্রয়কৃত যানবাহন প্রকল্প সমাপ্তির পর সরকারি নীতিমালা অনুযায়ী পরিবহন পুলে জমা প্রদান করতে হবে। | উপ-মহাপরিচালক, বিবিএস<br>ও<br>যুগ্মসচিব (প্রশাসন) SID<br>ও<br>পরিচালক (FA & MIS), BBS | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>ও<br>মহাপরিচালক, BBS |
| ১৩. | **পরিচালক/ যুগ্মপরিচালক/ উপ-পরিচালক ও অন্যান্য পদে পদোন্নতিঃ**<br>বিভাগীয় পদোন্নতি কমিটি (DPC)-এর গত ২১ আগস্ট ২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ৩ জন কর্মকর্তা-কে উপপরিচালক (নন-ক্যাডার) পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। | পদশূন্য এবং পদোন্নতিযোগ্য কর্মকর্তা থাকলে বিভাগীয় পদোন্নতি কমিটির সভা (DPC) নিয়মিত করতে হবে। | ১। উপসচিব (প্রশাসন-১), SID<br>২। পরিচালক (FA & MIS) BBS | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID,<br>২। মহাপরিচালক, BBS |
| ১৪. | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর পেন্ডিং লিস্ট:**<br>চিঠি পত্র নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে নির্ধারিত ছকে পেন্ডিং লিস্ট এ বিভাগের অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণ করতে হবে। পেন্ডিং চিঠি পত্র দ্রুত নিষ্পত্তি করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) SID | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID,<br>২। মহাপরিচালক, BBS |

# বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **বিবিএস এর ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগঃ**<br>২৪৫ টি শূন্য পদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার কাজ সম্পন্ন হলে ৫৯৩ টি শূন্য পদের নিয়োগ কার্যক্রম শুরু করা হবে। | সকল শূন্যপদে নিয়োগ প্রদানের নিমিত্ত শীঘ্রই বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (FA & MIS) BBS | মহাপরিচালক, বিবিএস ও যুগ্মসচিব (প্রশাসন), SID |
| ২ | **বিবিধঃ**<br>**ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্তঃ**<br>ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ অব্যাহত রয়েছে। | (ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ অব্যাহত রাখতে হবে। | ক) পরিচালক, কম্পিউটার উইং ও প্রোগ্রামার, SID | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), SID ও মহাপরিচালক, বিবিএস |
| | **খ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সম্মেলন কক্ষে LCD মনিটর স্থাপন সংক্রান্তঃ**<br>বিভিন্ন প্রতিষ্ঠান হতে মনিটর স্থাপনের জন্য Specification ও Rate সংগ্রহ করা হয়েছে। উক্ত Specification ও Rate নিয়ে কমিটি শীঘ্রই সভা করবে। | খ) LCD মনিটর-এর Specification ও Rate ভালভাবে যাচাই করতে হবে। | যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) SID | মহাপরিচালক, বিবিএস |
| | গ) বাংলাদেশের সকল মন্ত্রণালয়/বিভাগ-এ বিদ্যমান 'পরিকল্পনা উইং/অধিশাখা'-কে পুনঃনামকরণপূর্বক 'পরিকল্পনা ও পরিসংখ্যান উইং/অধিশাখা' হিসেবে নামকরণের পাশাপাশি বিসিএস পরিসংখ্যান ক্যাডারের ৬ষ্ঠ গ্রেডের ১৭টি 'উপপরিচালক' এবং বিসিএস পরিসংখ্যান ক্যাডারের ৯ম গ্রেডের ৪১টি 'পরিসংখ্যান কর্মকর্তা' এর মোট ৫৮টি পদ সৃজন সংক্রান্তঃ<br>বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ০৬/০৮/২০১৯ খ্রি. তারিখে এ বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রেখেছেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ে এ বিষয়টি যাচাই-বাছাই পর্যায়ে রয়েছে। | গ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখবেন এবং সভাকে অবহিত করবেন। | ১। যুগ্ম-সচিব (প্রশাসন) SID ও ২। উপ-সচিব (প্রশাসন-৩) SID এবং ৩। জনাব মহিউদ্দিন আহমেদ, উপপরিচালক BBS | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, বিবিএস |

| | | | | |
|---|---|---|---|---|
| | ঘ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্তঃ<br>গঠিত উপকমিটিসমূহ আগস্ট/১৯ মাসে সভা করেছে। এছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটির সভা গত ২৭/০৮/২০১৯ খ্রি. তারিখে এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটির সভা গত ২৮/০৮/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। | ঘ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন বিষয়ে গঠিত উপকমিটিসমূহ নিয়মিত সভা করে সচিব মহোদয়কে অগ্রগতি অবহিত করবে। | উপসচিব (প্রশাসন-১) SID ও জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিব, SID | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, বিবিএস |
| | ঙ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ-এর অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব বিকাশ কিশোর দাস মেট্রো থানার থানা পরিসংখ্যানবিদদের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব প্রদানের প্রস্তাব করেন।<br>তিনি আরো বলেন যে, প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা পদে পদোন্নতির নিমিত্ত আপত্তিবিহীন আবেদনপত্রগুলি বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি)-তে প্রেরণ করা যেতে পারে। | থানা পরিসংখ্যানবিদদের মধ্য হতে পরীক্ষামূলকভাবে দুই/চার জনকে আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা পদে পদোন্নতির নিমিত্ত আপত্তিবিহীন আবেদনপত্রগুলি বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি)-তে প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID |

সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে এ বিভাগের কর্মকর্তাদের আরো আন্তরিকভাবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে নিম্নরূপ নির্দেশনা/ পরামর্শ প্রদান করেনঃ

ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সকল কর্মকর্তা/কর্মচারীকে সভাপতি আহ্বান জানান।

খ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বিভিন্ন উইং-এ প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/কর্মচারী পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের তিনি অনুরোধ জানান।

গ) বিদেশ ভ্রমণ/প্রশিক্ষণ শেষে দেশে ফেরার পর দ্রুততম সময়ের মধ্যে Knowledge Sharing এর জন্য সভা আহবান করতে হবে।

ঘ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ছাড়া অন্য কোন বিভাগ/মন্ত্রণালয়-এর G.O মোতাবেক বিদেশ ভ্রমনের সুযোগ পেলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ/ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র কর্মকর্তা/কর্মচারীকে স্ব স্ব নিয়ন্ত্রণকারীকে অবহিত করে বিদেশ ভ্রমনের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।